

সূত্র

প্রিন্ট: ১৪ জুন ২০২৬, ০১:০৭ পিএম

শিক্ষাঙ্গন

পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নতুন ভিসি ছবিরুল ইসলাম

Advertisement



পিরোজপুর প্রতিনিধি

প্রকাশ: ১০ জুন ২০২৬, ০৬:৩৩ পিএম



পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (পিবিপ্রবি) নতুন ভাইস-চ্যান্সেলর ড. মোহাম্মদ ছবিরুল ইসলাম।
ছবি: যুগান্তর



পরবর্তী খেলা



জার্মানি

এনআরজি স্টেডিয়াম, হিউস্টন, যুক্তরাষ্ট্র

গ্রুপ ই

—

রাত ১১টা

কুরাসাও



পরবর্তী খেলাসমূহ

সোমবার ১৫ জুন ২০২৬



নেদার...

এটিঅ্যাভটি স্টেডিয়াম, ডালাস, যুক্তরাষ্ট্র

[গ্রুপ এফ] রাত ৮টা

জাপান



সোমবার ১৫ জুন ২০২৬



আইভরি...

লিংকন ফিন্যান্সিয়াল ফিল্ড, ফিলাডেলফিয়া, যুক্তরাষ্ট্র

[গ্রুপ ই] ভোর ৫টা

ইকুয়েডর



রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) আরবি বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ ছবিরুল ইসলাম হাওলাদার পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (পিবিপ্ৰবি) নতুন ভাইস-চ্যান্সেলর হিসেবে যোগদান করেছেন।

মঙ্গলবার (৯ জুন) সকালে তিনি শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব বরাবর যোগদানপত্র দাখিল করেন। একইদিন সন্ধ্যায় পিরোজপুরে বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাসে আসেন ছবিরুল ইসলাম।

ক্যাম্পাসে পৌঁছালে নবনিযুক্ত ভাইস-চ্যান্সেলরকে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ ফুলেল শুভেচ্ছায় বরণ করে নেন। পরে তিনি প্রশাসনিক ভবনের সভাকক্ষে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সঙ্গে এক মতবিনিময় সভায় অংশ নেন। এ সময় ভাইস-চ্যান্সেলর বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নিতে সংশ্লিষ্ট সবার সার্বিক সহযোগিতা কামনা করেন।

প্রজ্ঞাপনে জানানো হয়, রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলরের অনুমোদনক্রমে পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন, ২০২২-এর ১০ (১) ধারা অনুযায়ী অধ্যাপক ড. মোহাম্মদ ছবিরুল ইসলাম হাওলাদারকে ভাইস-চ্যান্সেলর পদে নিয়োগ দেওয়া হয়েছে। যোগদানের তারিখ থেকে তিনি আগামী চার বছর অথবা অবসর গ্রহণের তারিখের মধ্যে যেটি আগে ঘটবে, সেই সময় পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর হিসেবে দায়িত্ব পালন করবেন।

বিশিষ্ট এই শিক্ষাবিদ দীর্ঘ প্রায় তিন দশকেরও বেশি সময় ধরে শিক্ষা ও গবেষণায় গুরুত্বপূর্ণ অবদান রেখে চলছেন। তিনি ১৯৯৭ সালে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের আরবি বিভাগের প্রভাষক হিসেবে তার কর্মজীবন শুরু করেন। ২০১২ সালে তিনি অধ্যাপক পদে উন্নীত হন। বর্তমানে তিনি গ্রেড-১ অধ্যাপক হিসেবে কর্মরত। বর্ণাঢ্য কর্মজীবনে তিনি বিভাগীয় চেয়ারম্যান, আবাসিক হলের সহকারী হাউস টিউটর ও বিভিন্ন প্রশাসনিক দায়িত্ব সফলভাবে পালন করেছেন।

ঢাবি মিলিনিয়াম ব্যাচের কমিটি গঠন: আহ্বায়ক করিম সরকার, সদস্যসচিব রিপন

অধ্যাপক ছবিরুল ইসলাম ভোলা জেলার লালমোহন উপজেলায় এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে আরবি বিভাগে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর সম্পন্ন করেন। পরে রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে ইসলামিক স্টাডিজের দ্বিতীয় স্নাতকোত্তর এবং একই বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রি অর্জন করেন।

বাংলা, ইংরেজি, আরবি, উর্দু ও ফারসি ভাষায় দক্ষ এই অধ্যাপক একজন বহুভাষিক শিক্ষাবিদ ও গবেষক। আরবি ভাষা ও সাহিত্য, ইসলামী চিন্তাধারা, মধ্যপ্রাচ্যের সাহিত্য এবং বাংলা সাহিত্যে আরবি-ফারসি প্রভাব নিয়ে তার একাধিক গবেষণা প্রবন্ধ দেশ-বিদেশের স্বনামধন্য জার্নালে প্রকাশিত হয়েছে। গবেষণা ও জ্ঞানচর্চার প্রসারে তিনি বিভিন্ন গবেষণা প্রকল্প, সেমিনার এবং একাডেমিক কার্যক্রমে সক্রিয়ভাবে সম্পৃক্ত রয়েছেন।

পাশাপাশি তিনি এম.ফিল. ও পিএইচডি পর্যায়ে গবেষণা তত্ত্বাবধান এবং বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের গবেষণা মূল্যায়ন কার্যক্রমেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছেন। তিনি বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের পোস্টডক্টরাল মূল্যায়ন কার্যক্রমেও যুক্ত ছিলেন। এছাড়া রাষ্ট্রপতি কর্তৃক মনোনীত সদস্য হিসেবে হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল এবং রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নিয়োগ বোর্ডের সদস্য হিসেবেও দায়িত্ব পালন করছেন।